# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাতে তাহাজ্জুদ সালাত আদায় করে সকাল করে, তার জন্য কল্যাণ সাব্যস্তকরণ

ذِكْرُ إِثْبَاتِ الْخَيْرِ لِمَنْ أَصْبَحَ عَلَى تهجُّدٍ كَانَ مِنْهُ بِاللَّيْلِ

আরবী

2547 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي سُفْيَانَ : عَنْ جَابِرٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا مِنْ مُسْلِمٍ ذَكَرٍ وَلَا أُنْثَى يَنَامُ إِلَّا وَعَلَيْهِ جَرِيرٌ معقودٌ فَإِنِ اسْتَيْقَظَ فَذَكَرَ اللَّهَ انْحَلَّتْ عُقْدَةٌ وَإِنْ هُوَ تَوَضَّأَ ثُمَّ قَامَ إِلَى الصَّلَاةِ أَصْبَحَ نَشِيطًا قَدْ أَصَابَ خَيْرًا وَقَدِ انْحَلَّتْ عُقَدُهُ كُلُّهَا وَإِنْ أَصْبَحَ وَلَمْ يَذْكُرِ اللَّهَ أَصْبَحَ وعُقَدُهُ عَلَيْهِ وأصبح ثقيلاً كَسلاناً لم يُصِبْ خيراً)

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2547 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 213).

বাংলা

২৫৪৭. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেছেন, “যে কোন নারী বা পুরুষ যখন সে ঘুমায়, তখন তার মাথায় গিরা দেওয়া হয়। অতঃপর যদি সে জাগ্রত হয় এবং আল্লাহর যিকর করে, তবে একটি গিরা খুলে যায়। আর যদি সে উঠে ওযূ করে তারপর দাঁড়িয়ে সালাত আদায় করে, তখন সে প্রফুল্লচিত্তে সকাল করে এমন অবস্থায় যে তার সবগুলো গিরা খুলে গিয়েছে। আর যদি সে সকাল করে এমন অবস্থায় যে, সে আল্লাহর যিকর করেনি, তবে সে সকাল করে এমন অবস্থায় যে, তার উপর তার গিরাগুলো থেকে যায় এবং সে ভারী-অলস হয়ে সকাল করে; সে কোন কল্যাণ অর্জন করেনি।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৩৩; মুসনাদ আহমাদ: ৩/৩১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91873

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন